

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
[অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর গোপনীয় শাখা
এবং রিটার্নিং অফিসারের কার্যালয়]
www.chittagong.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ খ্রি. তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল


ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ০৫/০৪/২০২৩ (বুধবার)
২.	মনোনয়নপত্র বাছাই	: ০৯/০৪/২০২৩ (রবিবার)
৩.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৪.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬/০৪/২০২৩ (রবিবার)
৬.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭/০৪/২০২৩ (সোমবার)
৭.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	: ১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণের সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মহানগর কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর অফিস কক্ষ, চট্টগ্রামে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়, চট্টগ্রাম মহানগর, চট্টগ্রামে মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর



রিটার্নিং অফিসারের নাম, পদবী ও স্বাক্ষর

মাসুদ কামাল
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
চট্টগ্রাম।

নির্বাচনী এলাকার নাম: চট্টগ্রাম মহানগর, চট্টগ্রাম